

## পিতৃত্বের ছুটি এবং পিতৃত্বের বেতন/তলব

### পিতৃত্বের ছুটি

২০০৩ সালের এপ্রিল মাস থেকে আব্বাদের পিতৃত্বের ছুটি পাওয়ার অধিকার আছে। পিতামাতাসংক্রান্ত ছুটি পিতা এবং মাতা দুজনের ক্ষেত্রেই সমানভাবে প্রযোজ্য এবং এই ছুটি সন্তানের ৫ম জন্মদিন পর্যন্ত নেওয়া যায়।

### পিতৃত্বের ছুটির নির্দিষ্ট সময়

কর্মক্ষেত্রে বেতন সহ দুই সপ্তাহ পর্যন্ত পিতৃত্বের ছুটি অনুমোদন করা হয়। এক সপ্তাহ বা একসঙ্গে দুই সপ্তাহের জন্য পিতৃত্বের ছুটি নেওয়া যায়, কিন্তু মাঝে মধ্যে একটা দিন বা দুইটি সপ্তাহ আলাদা আলাদা ভাবে নেওয়া যায় না। এই ছুটি সন্তানের জন্মের দিন থেকে ৫৬ দিনের মধ্যে নিতে হবে (অথবা সন্তানের জন্ম যদি সময়ের আগে হয়, তাহলে সন্তানের জন্মের সন্তাব্য সপ্তাহ (expected week of confinement), অথবা যেদিন থেকে একটা বাচ্চাকে পোষ্য নেওয়া হয়েছে, সেদিন থেকে এই ছুটি নিতে হবে। এই ছুটি নেওয়ার কারন হতে হবে অবশ্যই বাচ্চাকে দেখাশুনা করার জন্য অথবা বাচ্চার মাকে সহায়তা প্রদান করার জন্য।

### কোন কোন ব্যক্তি পিতৃত্বের ছুটি নিতে পারেন

আপনার যদি একটা বাচ্চাকে দেখাশোনা করার দায়িত্ব থাকে, অথবা আপনার সেই সন্তাবনা থেকে থাকে, তাহলে আপনি এই ছুটি নেওয়ার অধিকার পাবেন এবং আপনি ছুটি নিচ্ছেন, হয় বাচ্চাকে দেখাশোনা করার জন্য অথবা বাচ্চার মাকে সহায়তা প্রদান করার জন্য, এবং আপনি হলেন:

- বাচ্চার জন্ম দাতা পিতা;
- জন্মদাত্রী মাতার স্বামী অথবা সঙ্গী (একই লিঙ্গের সঙ্গী বা এর অন্তর্ভুক্ত) অথবা
- একজন পিতা বা মাতা পোষ্য নিচ্ছেন তার স্বামী অথবা সঙ্গী, অথবা আপনি আপনার স্ত্রীর অথবা সঙ্গীর সঙ্গে যুক্তভাবে পোষ্য নিচ্ছেন (যেখানে অন্য সঙ্গী পোষ্য নেওয়ার ছুটি নিচ্ছেন)।

কর্মীরা যদি তাদের নিয়োগকর্তা/মনিবের কাছে একসঙ্গে নিম্নলিখিতগুলি পর্যন্ত ২৬ সপ্তাহ কাজ করে থাকেন, তাহলেই তাদের পিতৃত্বের ছুটি নেওয়ার যোগ্যতা থাকে।

- সন্তানের সন্তাব্য জন্মের ১৫ সপ্তাহ আগে পর্যন্ত (অথবা সন্তানের যদি সময়ের আগে জন্ম হয়, কিন্তু সময়মত জন্ম হলে এই সময় সীমা ঠিক হত); অথবা

- যে সপ্তাহের শেষে পোষ্যগ্রহনকারী ব্যক্তিকে জানানো হয়েছে যে তার পোষ্যের জন্য একটি বাচ্চাকে পাওয়া গেছে।

## আইনত: পিতৃত্বের বেতন/স্ট্যাটুটোরি পেটারনিটি পে

আইনত: পিতৃত্বের বেতন দেওয়া হয় ২ সপ্তাহ পর্যন্ত, সপ্তাহে ১০০ পাউন্ড করে অথবা সাপ্তাহিক রোজগার যদি তার থেকে কম হয় তাহলে মোটামুটি রোজগারের ৯০ ভাগ।

কর্মক্ষেত্র থেকে আপনার যদি ছুটি পাওয়ার অধিকার থেকে থাকে এবং যার সাপ্তাহিক মোটামুটি রোজগার অন্তত: নিম্নতম রোজগারের সীমার (২০০৩ সালের এপ্রিল মাস থেকে সপ্তাহে ৭৭ পাউন্ড করে) সমান।

আপনি যদি পিতৃত্বের ছুটির পর কাজে না ফিরে যান, তাহলে আপনাকে এই অর্থ ফেরত দিতে হবে না। কোন কোন নিয়োগকর্তা/মনিব হয়ত চুক্তিমূলক পিতৃত্বের ছুটির ব্যবস্থা করতে পারেন।

আপনার যদি পিতৃত্বের ছুটি পাওয়ার অধিকার না থাকে, তাহলে আপনি হয়ত বেনিফিট অথবা ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে আর্থিক সাহায্য পেতে পারেন।

সব সময় মনে রাখবেন যে, আপনার অধিকার বজায় রাখার ব্যাপারে যদি কোন সমস্যা দেখা দেয়, তাহলে সবচাইতে তাড়াতাড়ি এবং কার্যকরী উপায়ে এই সমস্যা দূর করার পথ হল আপনার নিয়োগকর্তা/মনিবের সঙ্গে কথা বলা এবং কোন নিয়মমাফিক পথ অবলম্বন করার আগে বিশেষজ্ঞের উপদেশ নেওয়া।